

## পদ ও কার্যক্রম বিবরণ

পদের নাম	: তথ্য সংগ্রাহক (Enumerator)
পদের সংখ্যা	: ৮০ জন
দৈনিক ভাতা	: ৭৫০ টাকা (যাতায়াত ও মাঠ ভাতা অন্তর্ভুক্ত)

### কর্ম এলাকা:

বরগুনা জেলাধীন সদর উপজেলার আয়লা পাতাকাটা, বুড়িরচর, চলুয়া, এম. বালিয়াতলি ও নলটানা ইউনিয়ন। পাথরঘাটা উপজেলার পাথরঘাটা সদর, কালমেঘা ও চরদুয়ানি ইউনিয়ন এবং তালতলী উপজেলার সোনাকাটা, নিশানবাড়িয়া, ছোটবগী ও বরবগী ইউনিয়ন।

### দায়িত্বসমূহ:

- তথ্য সংগ্রহের ডিজিটাল টুলস ও পদ্ধতির ওপর প্রশিক্ষণে অংশগ্রহণ করা।
- মোবাইল/ট্যাবলেট অ্যাপ্লিকেশনের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে জরিপ পরিচালনা করা।
- উত্তরদাতার সম্মতি নিয়ে সঠিক ও নির্ভুল তথ্য সংগ্রহ নিশ্চিত করা।
- তথ্য সুরক্ষা (Data Protection) এবং সেফগার্ডিং (Safeguarding/PSEA) নীতি মেনে চলা।
- প্রতিদিনের তথ্য রিয়েল-টাইমে জমা দেওয়া এবং ভুল থাকলে তা সংশোধন করা।

### আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতা:

- ন্যূনতম এইচএসসি (HSC) বা স্নাতক পাস।
- এনজিও বা আইএনজিও প্রকল্পে তথ্য সংগ্রাহক (Enumerator) হিসেবে পূর্ব অভিজ্ঞতা।
- ডিজিটাল ডিভাইস (মোবাইল/ট্যাবলেট) ব্যবহার করে তথ্য সংগ্রহে দক্ষতা।
- শুদ্ধ বাংলা ও স্থানীয় ভাষায় পারদর্শিতা।
- জলবায়ু পরিবর্তন, দুর্যোগ মোকাবিলা বা জরুরি ত্রাণ সহায়তা প্রকল্পে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
- বিশ্ব খাদ্য সংস্থার (WFP) প্রকল্পে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- বরগুনা সদর, পাথরঘাটা এবং তালতলী উপজেলার স্থানীয় প্রার্থীদের নিয়োগে অগ্রাধিকার দেওয়া হবে।

### আবেদন প্রক্রিয়া:

আগ্রহী প্রার্থীদের মানবসম্পদ ও প্রশাসন, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা বরাবর ২২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ অফিস চলাকালীন হলনাগাদ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি, এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং ০২ জন গণমান্য/পেশাদার ব্যক্তির মোবাইল নম্বরসহ রেফারেন্স জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।

### অন্যান্য শর্তাবলী

- জাগোনারী কোন কারণ দর্শানো ব্যতীত উক্ত বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- নারী ও শিশু নির্যাতন অথবা যে কোন ধরনের যৌন হয়রানিতে অভিযুক্তদের আবেদন করার প্রয়োজন নেই।
- নির্বাচিত প্রার্থীগণ সেইফগার্ডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন।
- যে কোন ধরনের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- জাগোনারী যে কোন ধরনের আর্থিক অনিয়ম ও যৌন নিপীড়নমূলক কার্যক্রমের ক্ষেত্রে শূন্য সহনশীলতা (Zero Tolerance) অনুসরণ করে।

বিশেষ দ্রষ্টব্য: দৈনিক ভাতার বিষয়টি 'No work, no pay' নীতিতে পরিচালিত এবং ভাতার পরিমাণ কাজের গুণমান ও লক্ষ্যমাত্রা পূরণের ওপর নির্ভর করবে।